৭

দৈনিক ইত্তেফাক

তারিখ 19 JAN 1997
পৃঃ ১৫ কলাম ৫

# তিনটি শিক্ষা বোর্ডে চেয়ারম্যান নাই

**রেজানুর রহমান** ॥ প্রায় এক মাস ধরিয়া দেশের ৫টি শিক্ষা বোর্ডের মধ্যে ৩টিতেই চেয়ারম্যানের পদ খালি পড়িয়া আছে। ঢাকা, যশোর ও কুমিল্লা বোর্ডের চেয়ারম্যানগণ অবসর নিয়াছেন। একটি বোর্ডে কন্ট্রোলার এবং দুইটি বোর্ডে সচিব ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসাবে দায়িত্ব-পালন করিতেছেন।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান ছিলেন

(১৫শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ৩টি শিক্ষা বোর্ডে

(শেষ পৃঃ পর)

প্রফেসর ময়েজ উদ্দিন আহমেদ। তিনি ২৪শে ডিসেম্বর অবসর গ্রহণ করেন। যশোর বোর্ডের চেয়ারম্যান ছিলেন শাহজাহান খান। তিনি ২৮শে ডিসেম্বর অবসর গ্রহণ করিয়াছেন। কুমিল্লা বোর্ডের চেয়ারম্যান ছিলেন আমিরুল আজম। তিনি ৬ই জানুয়ারী অবসর গ্রহণ করেন।

এদিকে চেয়ারম্যানের পদ শূন্য থাকায় ৩টি বোর্ডের প্রশাসনিক কাজে স্থবিরতা দেখা দিয়াছে। একই সময়ে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড কর্মচারী ফেডারেশন ইতিপূর্বে চুক্তি মোতাবেক দাবী পূরণ না হওয়ায় নূতন করিয়া আন্দোলনের প্রস্তুতি নিতেছে। গতকাল আন্তঃ শিক্ষা বোর্ড কর্মচারী ফেডারেশনের পক্ষ হইতে বলা হয়, ৩ দফা দাবী আদায়ের লক্ষ্যে বোর্ডের কর্মচারীরা ১৪ই নভেম্বর হইতে ২৯শে নভেম্বর পর্যন্ত ধর্মঘট করার পর শিক্ষামন্ত্রণালয় ৭ দিনের মধ্যে দাবী পূরণের আশ্বাস দেওয়ায় ধর্মঘট স্থগিত ঘোষণা করা হয়। কিন্তু ১ মাস ২৫ দিনের ব্যবধানেও মন্ত্রণালয় দাবী পূরণে আগাইয়া আসে নাই। একটি সূত্র জানায়, "৬ই মার্চ হইতে ৫টি বোর্ডের ১৯৯৭ সালের এস, এস, সি পরীক্ষা শুরু হইবে।" অবিলম্বে বিভিন্ন বোর্ডে চেয়ারম্যানের পদ পূরণ এবং কর্মচারীদের সহিত দাবী-দাওয়া সম্পর্কিত বিষয়গুলির সুরাহা না করা হইলে এস,এস,সি পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে বিশৃঙ্খলা দেখা দিতে পারে।